# সকল বোর্ড-২০১৮

## ভূগোল ও পরিবেশ বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶

| গ্রহের নাম | ব্যাস (কি.মি) | সূর্য থেকে দূরত্ব (কোটি কি.মি.) |
|---|---|---|
| A | ১,৪২,৮০০ | ৭৭.৮ |
| B | ১২,৬৬৭ | ১৫.০ |

ক. কোন গ্রহকে গ্রহরাজ বলা হয়? ১

খ. মঙ্গল গ্রহে প্রাণীর অস্তিত্ব থাকা সম্ভব নয় কেন? ২

গ. 'A' গ্রহটি প্রাণী বসবাসের উপযোগী নয় কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'B' গ্রহটি 'A' গ্রহের চেয়েও অধিক গুরুত্বপূর্ণ— যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

২. ▶ বর্ণা ঢাকায় বসে রেডিওতে বিভিন্ন অনুষ্ঠান শুনছিল। সন্ধ্যা ৭.৩০ টায় বাংলা খবর শোনার জন্য বিবিসি ধরলো। সাথে সাথে একটা মিউজিকের পর সংবাদ পাঠক বললেন, বেলা ১.৩০ টা বাজার সময়সংকেত শুনলেন। ঢাকার দ্রাঘিমা ৯০° পূ.।

ক. স্থানীয় সময় কী? ১

খ. ভূসংস্থানিক মানচিত্র বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সংবাদ পাঠকের স্থানের দ্রাঘিমা কত? ৩

ঘ. উদ্দীপকে "উল্লিখিত স্থানের সময়ের সাথে ঢাকার সময়ের পার্থক্যের কারণ দ্রাঘিমার পার্থক্য"— বিশ্লেষণ করো। ৪

৩. ▶ বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের বাসিন্দা মুসা ইব্রাহিম পৃথিবীর সর্বোচ্চ পর্বতশৃঙ্গে আরোহণ করেন এবং বাংলাদেশের পতাকা উত্তোলন করেন। বিষয়টি আমাদের জন্য অত্যন্ত গর্বের এবং আনন্দের।

https://teachingbd24.com

ক. খনিজ কী? ১

খ. গিরিখাত বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২

গ. মুসা ইব্রাহিমের আরোহণকৃত পর্বতের গঠন প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩

ঘ. মুসা ইব্রাহীমের বসবাসকৃত এলাকার ভূমিরূপ বিশেষ প্রক্রিয়ায় গঠিত— বিশ্লেষণ করো। ৪

৪.▶ সম্প্রতি একটি খবর সবাইকে অবাক করেছে। এর ফলে এশিয়ার বেশ কয়েকটি দেশের কিছু অঞ্চল সমুদ্রের পানিতে নিমজ্জিত হবে এবং নানা প্রকার প্রাকৃতিক দুর্যোগে দেশগুলো ক্ষতিগ্রস্ত হবে।

ক. পরম আর্দ্রতা কাকে বলে? ১

খ. পরিপৃক্ত বায়ু বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে এরূপ পরিবর্তনের কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. বিশ্ব প্রেক্ষিতে উক্ত পরিবর্তনের প্রভাব বিশ্লেষণ করো। ৪

৫.▶ আনিছ ও আনোয়ার দুই বন্ধু। তারা গ্রামে বাস করে। আনিছের গ্রামের বাড়িগুলো রাস্তার পাশে অবস্থিত, উচ্চভূমি ও বন্যামুক্ত। পক্ষান্তরে আনোয়ারের গ্রামের বাড়িগুলোর দূরত্ব বেশি এবং পরিবারগুলো ছড়ানো ছিটানো অবস্থায় বসবাস করে।

ক. যুক্তরাষ্ট্রের হলিউড কীসের জন্য বিখ্যাত? ১

খ. মাটি কীভাবে বসতি স্থাপনে সহায়তা করে? ২

গ. আনিছের বসবাসকৃত বসতি গড়ে উঠার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. আনোয়ারের গ্রামে যে বসতি দেখা যায় তার গঠন প্রক্রিয়া বিশ্লেষণ করো। ৪

৬.▶

| শিল্প | শ্রমিক | অবস্থান |
|---|---|---|
| A | কম শ্রমিক | গ্রাম ও শহর |
| B | প্রচুর শ্রমিক | শহরতলী |

ক. খনিজ উত্তোলন কোন পর্যায়ের অর্থনৈতিক কাজ? ১


Teachingbd24.com

খ. বাণিজ্য ঘাটতি বলতে কী বুঝায়? ২

গ. 'A' শিল্পের বর্ণনা দাও। ৩

ঘ. অধিক কর্মসংস্থান সৃষ্টিতে 'B' শিল্পের ভূমিকা মূল্যায়ন করো। ৪

৭.▶




ক. বাংলাদেশ-মিয়ানমার সীমারেখার দৈর্ঘ্য কত কি.মি.? ১

খ. শীতকালে বাংলাদেশে কম বৃষ্টিপাত হওয়ার কারণ ব্যাখ্যা করো। ২

গ. 'A' নদীর গতিপথ ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে উক্ত নদীর গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৮.▶ প্রত্যয় ও প্রজ্ঞা দুই ভাইবোন দেশের দুই জায়গায় বেড়াতে যায়। প্রত্যয় যেখানে গেল সেখানে সে দেখল বাংলাদেশের সর্ববৃহৎ শিল্প প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। প্রজ্ঞা দেখল পাশাপাশি অনেক শিল্প কারখানা গড়ে উঠেছে। সেখানে অধিকাংশ শ্রমিকই মহিলা।

ক. শক্তির অন্যতম উৎস কী? ১

খ. শস্য বহুমুখীকরণ বলতে কী বুঝায়? ২

গ. প্রত্যয়ের দেখা শিল্পটির ব্যাখ্যা দাও। ৩

Teachingbd24.com

ঘ. প্রজ্ঞার দেখা শিল্পটি দেশের অর্থনীতিতে বিশেষ অবদান রাখছে—বিশ্লেষণ করো। ৪

৯.▶ আগস্ট মাসের মাঝামাঝিতে দেশের উত্তরাঞ্চলের বেশ কিছু জেলা পানিতে তলিয়ে যায়। ফলে ক্ষতির সম্মুখীন হয় এলাকার ঘরবাড়ি, রাস্তাঘাট, শস্য ও অন্যান্য সম্পত্তি।

ক. বাংলাদেশে নদীর সংখ্যা কত? ১

খ. দুর্যোগ ও বিপর্যয় বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত জেলাগুলো পানিতে তলিয়ে যাওয়ার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত দুর্যোগ ঐ অঞ্চলে কী প্রভাব ফেলবে তা বিশ্লেষণ কর। ৪

১০. জনাব শাহ আলম নীলফামারী থেকে প্রায়ই ঢাকা যান। এতে তিনি দুই ধরনের পথ ব্যবহার করেন। প্রথমটি যোগাযোগের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। দ্বিতীয়টির পরিমাণ অল্প এবং এটি সবস্থানে গড়ে উঠতে পারে না।

ক. বাংলাদেশে সর্বমোট কতটি রেল স্টেশন আছে? ১

খ. যাতায়াত ব্যবস্থা বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২

গ. জনাব শাহ আলমের ১ম যোগাযোগ ব্যবস্থাটি গড়ে উঠার অনুকূল অবস্থা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে দ্বিতীয় যোগাযোগ ব্যবস্থাটি দেশের সর্বত্র গড়ে না উঠার কারণ বিশ্লেষণ করো। ৪

১১.▶ আকাশ গ্রীষ্মের ছুটিতে চট্টগ্রাম গেল। পতেঙ্গায় সে দেখলো সমুদ্রের পানি একটি নির্দিষ্ট সময়ে ফুলে উঠছে এবং পানির উচ্চতা বাড়ছে। সে জানলো এর প্রভাব অনেক।

ক. সমুদ্রস্রোত সৃষ্টির প্রধান কারণ কী? ১

খ. শীতল স্রোত বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২

গ. আকাশের দেখা সমুদ্রের পানি ফুলে উঠার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার প্রভাব বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: | ১ | ১ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. সজলের বসতিটি সরলরেখায় গড়ে ওঠেছে। এটি কোন ধরনের বসতি?
ক রৈখিক খ গোষ্ঠীবদ্ধ
গ বিচ্ছিন্ন ঘ গ্রামীণ

২. ১.৬৮ মিটার প্রস্থ রেললাইন কোন ধরনের রেলপথ?
ক মিটারগেজ
খ ডুয়েলগেজ
গ ব্রডগেজ
ঘ মিটারগেজ ও ডুয়েলগেজ

৩. কে ভূগোলকে পৃথিবীর বিজ্ঞান বলেছেন?
ক অধ্যাপক ম্যাকনি
খ অধ্যাপক ডাডলি স্ট্যাম্প
গ অধ্যাপক কার্ল রিটার
ঘ রিচার্ড হার্টশোন

৪. পৃথিবীর নিকটতম নক্ষত্র হলো —
ক প্রক্সিমা সেন্টারাই খ ক্যাসিওপিয়া
গ কালপুরুষ ঘ সূর্য

৫. ঢাকার দ্রাঘিমা ৯০° পূর্ব এবং রিয়াদের দ্রাঘিমা ৪৫° পূর্ব। উভয় স্থানের সময়ের ব্যবধান কত?
ক ৬ ঘণ্টা খ ৫ ঘণ্টা
গ ৪ ঘণ্টা ঘ ৩ ঘণ্টা


৬. কোনটি অন্তর্জ আগ্নেয়শিলা?
ক ব্যাসল্ট খ ব্যাথোলিথ
গ ল্যাকোলিথ ঘ ডাইক
বি.দ্র.: সঠিক উত্তর খ, গ ও ঘ

৭. কোনটি মহাদেশীয় মালভূমি নয়?
ক গ্রীনল্যান্ড খ স্পেন
গ তারিম ঘ অস্ট্রেলিয়া

৮. শিল্প গড়ে ওঠার প্রাকৃতিক নিয়ামক কোনটি?
ক মূলধন খ জলবায়ু
গ আধুনিক প্রযুক্তি ঘ শ্রমিক সরবরাহ

৯. কর্ণফুলীর উপনদী কোনটি?
ক মহানন্দা খ গোমতী
গ ফেণী ঘ কাসালং

নিচের মানচিত্রটি দেখো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:




১০. 'A' স্থানের প্রধান উৎপাদিত দ্রব্য কোনটি?
ক পাট খ চা
গ তামাক ঘ আখ

১১. 'B' স্থানটি বিখ্যাত, কারণ এটি বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ—
ক বন্দর খ যাদুঘর
গ পর্যটন কেন্দ্র ঘ ক্রিকেট মাঠ

১২. কোন জেলায় রেলপথ নেই?
i. রাঙামাটি
ii. মাদারীপুর
iii. মেহেরপুর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৩. আশিক দিনাজপুরে থাকে। সে আকাশপথে ঢাকা যেতে চায়। তার নিকটতম বিমানবন্দর হলো—
ক সৈয়দপুর খ যশোর
গ বরিশাল ঘ রাজশাহী

১৪. পিনটুবো কী?
ক হ্রদ খ নদী
গ শহর ঘ পাহাড়

১৫. কোন মহাসাগরে স্রোত প্রবাহিত হয় না?
ক ভারত খ প্রশান্ত
গ উত্তর ঘ আটলান্টিক

Teachingbd24.com


১৬. তাসিন মেক্সিকোর পারকোটিন আগ্নেয়গিরি দেখতে গেল। এটি কোন ধরনের আগ্নেয়গিরি?
ক) শিল্ড খ) সিনডারকোন
গ) সুপ্ত ঘ) সক্রিয়

১৭. আটলান্টিক মহাসাগরের পোর্টোরিকো খাতের গভীরতা কত মিটার?
ক) ৮৫৩৮ খ) ৮৫৩৭
গ) ৮৫৩৬ ঘ) ৮৫৩৫

১৮. সমুদ্রের উচ্চতা বৃদ্ধি পেলে পানির নিচে ডুবে যাবে—
i. সাতক্ষীরা
ii. নোয়াখালী
iii. বরিশাল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৯. ১৯০৫ সালে বাংলাদেশের উত্তরাঞ্চলে সর্বনিম্ন তাপমাত্রা কত সেন্টিগ্রেড ছিল?
ক) ১° খ) ২°
গ) ৩° ঘ) ৪°

নিচের চিত্রটি দেখ এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:




২০. বিষুব রেখা কোনটি?
ক) ৯০° উত্তর
খ) ০°
গ) $২৩\frac{১}{২}$° উত্তর
ঘ) ৯০° দক্ষিণ

২১. $২৩\frac{১°}{২}$ দক্ষিণ অক্ষাংশ হলো—
ক) সুমেরুবৃত্ত খ) কুমেরুবৃত্ত
গ) মকরক্রান্তি ঘ) কর্কটক্রান্তি

২২. শোভন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পড়ে। সে বিজয় পাহাড় দেখতে গেল। পাহাড়টি দেখে সে বিস্মিত হলো। শোভনের বিস্ময়ের কারণ কোনটি?
ক) পাহাড়টির দৈর্ঘ্য
খ) পাহাড়টির প্রস্থ
গ) পাহাড়টির উচ্চতা
ঘ) পাহাড়টির গঠন

২৩. বান্দরবান এলাকায় জনসংখ্যা খুবই কম। এর কারণ—
i. মৃত্তিকা
ii. জলবায়ু
iii. ভূ-প্রকৃতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের ছকটি দেখো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:

| দেশের নাম | আয়তন (বর্গ কিমি) | জনসংখ্যা (কোটি) |
|---|---|---|
| বাংলাদেশ | ১,৪৭,৫৭০ | ১৪,৯৭,৭২,৩৬৪ |
| ভারত | ৩২,৮৭,২৫০ | ১২১,১৫,২০,০০০ |

২৪. বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে কতজন লোক বাস করে?
ক) ১০১৪ খ) ১০১৫
গ) ১০১৬ ঘ) ১০১৭

২৫. বাংলাদেশ ও ভারতের জনসংখ্যা ঘনত্বের পার্থক্য কত?
ক) ৬৪৪ খ) ৬৪৫
গ) ৬৪৬ ঘ) ৬৪৭

২৬. ২৯ এপ্রিল, ১৯৯১ সালে ঘূর্ণিঝড়ে মৃতের সংখ্যা কত?
ক) ৫,০০০ খ) ৫,৭০৮
গ) ৬,০০০ ঘ) ৬,৭০৮

২৭. কোনটি রূপান্তরিত শিলা?
ক) মার্বেল খ) কয়লা
গ) ব্যাসল্ট ঘ) চুনাপাথর

২৮. পৃথিবীর বৃহত্তম মহীসোপান কোথায়?
ক) আমেরিকায় খ) অস্ট্রেলিয়ায়
গ) ইউরোপে ঘ) আফ্রিকায়

২৯. সমুদ্রস্রোতের প্রধান কারণ কোনটি?
ক) আহ্নিক গতি খ) বায়ুপ্রবাহ
গ) বার্ষিক গতি ঘ) জোয়ার-ভাটা

৩০. কোনটি চিরহরিৎ বনের বৃক্ষ?
i. চাপালিশ
ii. ময়না
iii. গরান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | * | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ | ২১ | গ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd24.com